রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ১২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২১, ২০১৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২০৫—২২৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৭৩—৪০৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৭ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৬৩—৩৯৩ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৫ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ সেপ্টেম্বর ২০১২

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০১৮.২০০৮-৩৫৩**—সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (সাবিনকো) এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এর ৪৩, ৪৪, ও ৪৫ ধারার বিধান অনুযায়ী সাবিনকোর পরিচালনা পর্ষদে জনাব মোঃ নজরুল ইসলাম খান, সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এর স্থলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ জনাব আব্দুল মালেক খান-কে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

---

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)**

**এডিবি-৪ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ অক্টোবর ২০১২

**নং ০৯.৫১২.০২৪.০১.০৫.০১১.২০১২-১৪৭**—এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) সঙ্গে æPower System Expansion and

Efficiency Improvement Investment Program" শীর্ষক কর্মসূচির জন্য বাংলাদেশ সরকারের পক্ষে লোন নেগোসিয়েশনের লক্ষ্যে নিম্নোক্তভাবে টিম গঠন করা হলো ঃ

| | | |
|---|---|---|
| (১) | জনাব সাইফুদ্দিন আহমদ, যুগ্ম-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | দলনেতা |
| (২) | জনাব মোঃ খলিলুর রহমান, যুগ্ম-প্রধান, বিদ্যুৎ উইং, পরিকল্পনা কমিশন | সদস্য |
| (৩) | জনাব মোঃ নজরুল ইসলাম, যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ | সদস্য |
| (৪) | জনাব নেছার আহমদ, উপ-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| (৫) | জনাব আকমল হোসেন, পরিচালক, আইএমইডি | সদস্য |
| (৬) | জনাব এম. রায়হান আখতার, সিনিয়র সহকারী সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৭) | জনাব মোঃ আসাদুজ্জামান নুর, সিনিয়র সহকারী সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| (৮) | জনাব কাজী আহসান শফিক, মহাব্যবস্থাপক (পিএন্ডডি), পিজিসিবি | সদস্য |
| (৯) | প্রকৌঃ কামাল উদ্দিন আহমদ, উপ-মহাব্যবস্থাপক (পিএন্ডডি), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোং লিঃ | সদস্য |

২। নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান ঃ

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ০৭ অক্টোবর ২০১২ | সকাল ৯.৩০টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা |
| ০৮ অক্টোবর ২০১২ | সকাল ৯.৩০টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা |

৩। লোন নেগোসিয়েশন টিমের সকল সদস্য যথাসময়ে লোন নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নেছার আহমদ**
উপ-সচিব।

## জাতীয় রাজস্ব বোর্ড
## (শুল্ক)

### প্রজ্ঞাপন

তারিখ, ১৯ আশ্বিন ১৪১৯/০৪ অক্টোবর ২০১২

**নং ৩১৮/২০১২/শুল্ক।**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section 11 -এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, এতদ্বারা, জনস্বার্থে ঢাকা জেলার তেজগাঁও থানার ঢাকা মহানগরস্থ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, প্লট নং-৪৯, স্থিত জনতা টাওয়ারকে The Customs Act, 1969 এর Section 11 মোতাবেক ওয়্যার হাউজিং স্টেশন হিসেবে ঘোষণা করিল।

**মিয়া মোঃ আবু ওবায়দা**
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানী ও বন্ড)।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৩

### আদেশ

তারিখ, ০২ অক্টোবর ২০১২

**নং ৬০৭-বিচার-৩/১ডি-৬/২০১১**—যেহেতু, নরসিংদীর সাবেক জেলা জজ পরবর্তীতে নীলফামারীর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা জজ) তৎপরবর্তীতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ) বর্তমানে স্বেচ্ছায় অবসর ভোগরত জনাব মোঃ আবুল হোসেন খান এর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৬/২০১১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মোঃ আবুল হোসেন খান এর স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদনের প্রেক্ষিতে সরকার বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে এবং মহামান্য রাষ্ট্রপতি তাঁর আবেদন সদয় মঞ্জুর করায় ১৯৭৪ সালের গণকর্মচারী (অবসর) আইনের ৯(১) ধারা অনুযায়ী তাঁকে স্বেচ্ছায় অবসর গমনের অনুমতি প্রদান করেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নরসিংদীর সাবেক জেলা জজ পরবর্তীতে নীলফামারীর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা জজ) তৎপরবর্তীতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ) বর্তমানে স্বেচ্ছায় অবসর ভোগরত জনাব মোঃ আবুল হোসেন খান এর বিরুদ্ধে রুজুকৃত ০৬/২০১১ নং বিভাগীয় মামলার কার্যক্রম এবং তাঁর চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspension) আদেশ প্রত্যাহার করা হল এবং তিনি বিধি মোতাবেক সাময়িক বরখাস্তকালীন সময়ের আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

## বিচার শাখা-৬

### আদেশাবলী

তারিখ, ০৪ সেপ্টেম্বর ২০১২

**নং আর-৬/৭এন-৬৮/২০১২-৫১৯**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিরাজগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জাহিদা সুলতানা (বীথি), পিতা মরহুম জনাব মোঃ আব্দুল জব্বার খানকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত

শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৭০/২০১২-৫২০**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে দিনাজপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ মমিনুল হক, পিতা মরহুম আলহাজ্ব জনাব মোঃ মোজাম্মেল হককে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ৯ সেপ্টেম্বর ২০১২

**নং আর-৬/৭এন-৭৫/২০১২-৫২৫**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব গোলাম মোরতুজা, পিতা মরহুম জনাব মোঃ ফজর আলীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন-১)।

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ৯ জুলাই ২০১২

**নং বিচার-৭/২এন-০১/২০০২(অংশ)-৫০৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব আশরাফ হোছাইন চৌধুরী, পিতা আলহাজ্ব এম, এ, মান্নান চৌধুরী, এ/৫৭ দক্ষিণ পাড়া (পৌর ওয়ার্ড নং-০৪), পোঃ সাভার, থানা সাভার, জেলা ঢাকা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা জেলার সাভার উপজেলার সাভার পৌরসভার ৪নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-১৪৩/৭৭-৫০৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মুহাঃ রকিবুল ইসলাম, পিতা মৃত কাজী মকবুল হোসেন, গ্রাম বাজে শিবানন্দপুর, ডাকঘর বাগশ্রীরামপুর, থানা+জেলা নড়াইল। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নড়াইল সদর উপজেলাধীন ৩ নং চন্ডিবরপুর ইউনিয়ন এলাকার বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৩ জুলাই ২০১২

**নং বিচার-৭/২এন-৪/২০০৪-৫৬০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ মিরাজ হোসেন, পিতা আব্দুল মজিদ মোল্যা, গ্রাম চৌগাছী, ডাকঘর কুঠি চৌগাছী, থানা শ্রীপুর, জেলা মাগুরা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মাগুরা জেলার শ্রীপুর উপজেলার ৫নং দ্বারিয়াপুর ইউনিয়ন

এলাকার বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৪ জুলাই ২০১২

**নং বিচার-৭/২এন-৫৩/২০০৩-৫৬৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ মুনসুর আহমেদ, পিতা মৃত পনির উদ্দিন, গ্রাম দক্ষিণ খাউরিয়া, ডাকঘর নয়ারহাট, উপজেলা চিলমারী, জেলা কুড়িগ্রাম। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলার ২নং নয়ারহাট ইউনিয়ন এলাকার বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৬ জুলাই ২০১২

**নং বিচার-৭/২এন-২৭/২০১২-৫৭১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ দ্বীন ইসলাম, পিতা হাজী মোঃ মীর আলী, গ্রাম বুড়ির পাড়া (ইসলাম মঞ্জিল), পোঃ জিরাবো ইয়ারপুর, থানা আশুলিয়া, জেলা ঢাকা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা জেলার সাভার উপজেলাধীন আশুলিয়া থানার ৪নং ইয়ারপুর ইউনিয়ন এলাকার বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৮৮/২০০৫(অংশ)-৫৭৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোহাম্মদ কুতুব উদ্দিন, পিতা মোঃ আবু খায়ের, সাং কলার ঝিরি আব্বাছ কারবারী পাড়া, ডাকঘর চৈক্ষ্যং, উপজেলা আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বান্দরবান পার্বত্য জেলার আলীকদম উপজেলার ২নং চৈক্ষ্যং ইউনিয়ন এলাকার বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ মাহমুদুল করিম**
সিনিয়র সহকারী সচিব।

---

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
### প্রশাসন-৩ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৮ কার্তিক ১৪১৯/২৩ অক্টোবর ২০১২

**নং প্রঃ-৩/১এম-৩/২০০৮(অংশ-১)/১৭৯০**—The Bangladesh Abandoned Building (Supplementary Provision) Ordinance, 1985 এর ৯ নম্বর ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গঠিত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ২য় কোর্ট অব সেটেলমেন্টের মেয়াদ সরকার ০১ জুন ২০১২ তারিখ হতে ৩১ মে ২০১৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শেফাউল করিম**
উপ-সচিব।

## পরিবেশ ও বন মন্ত্রণালয়
## প্রশাসন অধিশাখা-২

### আদেশ

তারিখ, ২৪ সেপ্টেম্বর ২০১২

**নং পবম/প্রশা-২/পরি-০৪/২০০৭/৫২১**—যেহেতু, আপনি জনাব হাসান জাহিদ, সহকারী পরিচালক (প্রশাসন), পরিবেশ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়, খুলনা গত ২৫-৬-২০০৬ হতে ২৭-৬-২০০৬ তারিখ পর্যন্ত ৩(তিন) দিনের নৈমিত্তিক ছুটির আবেদন করে কর্মস্থল ত্যাগ করেন। পরবর্তীতে অসুস্থতার কারণ উল্লেখ করে কর্মস্থলে উপস্থিত হতে অপারগতা জানিয়ে ২৭-৬-২০০৬ তারিখে একটি আবেদন পরিবেশ অধিদপ্তরের খুলনা বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করেন;

২। যেহেতু, আপনি জনাব হাসান জাহিদ, সহকারী পরিচালক (প্রশাসন) অননুমোদিতভাবে কর্মস্থল ত্যাগ করে কর্মস্থলে অনুপস্থিত থাকায় আপনাকে অননুমোদিত অনুপস্থিতির কারণ ব্যাখ্যাসহ কর্মস্থলে যোগদান করার জন্য পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের ১৭-৯-২০০৬ তারিখের পরিবেশ/প্রশাঃ(বাঃ)-২৪৩/৯১/২৩৪০ সংখ্যক স্মারকমূলে নোটিশ প্রদান করা হয়। আপনি উক্ত নোটিশের জবাব দাখিল না করে বা কর্তৃপক্ষের সাথে কোন প্রকার যোগদান না করে ২৫-৬-২০০৬ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় আপনার বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রম গ্রহণ করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও বিধি ৩(সি) মোতাবেক "অসদাচরণ" ও "বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি" এর অভিযোগে কেন অভিযুক্ত করা হবে না এ মর্মে লিখিত জবাব ১০ (দশ) কার্য দিবসের মধ্যে দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয়;

৩। যেহেতু, আপনি জনাব হাসান জাহিদ, সহকারী পরিচালক (প্রশাসন), পরিবেশ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয় নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেননি; এ কারণে আনীত অভিযোগ তদন্তের জন্য একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিতে আনীত "অসদাচরণ" ও "বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি"-র অভিযোগ প্রমাণিত হয়েছে বলে প্রতিবেদন দাখিল করেন।

৪। যেহেতু, আপনি জনাব হাসান জাহিদ, সহকারী পরিচালক (প্রশাসন), পরিবেশ অধিদপ্তর, খুলনা-কে তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাওয়ার পর ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং এ সংক্রান্ত বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করা হয়। কিন্তু আপনি দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি। এ কারণে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৭(৭) বিধি মোতাবেক আপনার বিরুদ্ধে উক্ত বিধিমালার ৪(৩) (সি) বিধি অনুসারে "চাকুরী হতে অপসারণ" দণ্ড আরোপের প্রস্তাব করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হয়;

৫। যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩) (সি) বিধি মোতাবেক আপনি জনাব হাসান জাহিদ, সহকারী পরিচালক (প্রশাসন) এর বিরুদ্ধে প্রস্তাবিত দণ্ড "চাকুরী হতে অপসারণ (Removal from service)" আরোপে একমত পোষণ করে মতামত প্রদান করে;

৬। যেহেতু, আপনি জনাব হাসান জাহিদ, সহকারী পরিচালক (প্রশাসন), পরিবেশ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয় এর বিরুদ্ধে প্রস্তাবিত দণ্ড আরোপে মহামান্য রাষ্ট্রপতির অনুমোদন চাওয়া হলে মহামান্য রাষ্ট্রপতি প্রস্তাবিত দণ্ড সদয় অনুমোদন করেন;

৭। যেহেতু, আপনি জনাব হাসান জাহিদ, সহকারী পরিচালক (প্রশাসন), পরিবেশ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩) (সি) বিধি মোতাবেক "চাকুরী হতে অপসারণ (Removal from service)" দন্ড প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মেছবাহ উল আলম**
সচিব।

---

## পরিকল্পনা শাখা-১

### প্রজ্ঞাপন

তারিখ, ১০ অক্টোবর ২০১২

**নং পবম/পরিশা-১/টাংগুয়ার হাওর-২/৬৩/২০০৯ (পার্ট ফাইল-২)/৫৩৪**—সুনামগঞ্জ জেলার টাংগুয়ার হাওরের টেকসই উন্নয়নের লক্ষ্যে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন "কমিউনিটি বেজড সাসটেইনেবল ম্যানেজমেন্ট অব টাংগুয়ার হাওর" শীর্ষক প্রকল্পের সংস্থান মোতাবেক নিম্নরূপে একটি "ন্যাশনাল সাইন্টিফিক বডি ফর টাংগুয়ার হাওর" গঠন করা হল ঃ

**আহ্বায়ক**

(১) ড. মোহাম্মদ আক্তারুল ইসলাম চৌধুরী, অধ্যাপক, সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইনঞ্জিনিয়ারিং বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

**সদস্যবৃন্দ**

(২) জনাব জুনায়েদ কবির চৌধুরী, অবসরপ্রাপ্ত বন সংরক্ষক, বন বিভাগ ও সিনিয়র কনসালটেন্ট আইইউসিএন বাংলাদেশ।

(৩) ড. মোঃ রেজাউর রহমান, অধ্যাপক, ইনস্টিটিউট অব ওয়াটার এন্ড ফ্লাড ম্যানেজমেন্ট (IWFM), বুয়েট।

(৪) ড. দেওয়ান আলী আহসান, অধ্যাপক, ও সভাপতি, ডিপার্টমেন্ট অব ফিসারিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৫) ড. মোঃ মোস্তফা ফিরোজ, অধ্যাপক, প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

(৬) ড. খলিলুর রহমান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।

(৭) ড. সৈয়দ শামসুল আলম, অধ্যাপক, রসায়ন বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

(৮) ড. মোহাম্মদ নূর হোসাইন মিয়া, অধ্যাপক, এগ্রোনমি ও হাওর এগ্রিকালচার বিভাগ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়।

**কার্যপরিধি ঃ**

(ক) টাংগুয়ার হাওর ব্যবস্থাপনা কমিটিকে বিজ্ঞানভিত্তিক কারিগরি সহায়তা ও পরামর্শ প্রদান;

(খ) প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও প্রয়োজনে গঠনমূলক দিক নির্দেশনা প্রদান;

(গ) টাংগুয়ার হাওরে সহ-ব্যবস্থাপনা পদ্ধতি প্রতিষ্ঠায় নীতিগত পরামর্শ প্রদান এবং এর সমর্থনে জনমত গঠনে সহায়তা প্রদান;

(ঘ) টাংগুয়ার হাওর ব্যবস্থাপনায় সকল স্ট্যাকহোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করতে সহায়তামূলক পরামর্শ প্রদান;

(ঙ) টাংগুয়ার হাওর ব্যবস্থাপনায় যে সকল বিষয়ে যথেষ্ট উপাত্ত নেই সে সকল বিষয়ে অভিজ্ঞতালব্ধ নির্দেশনামূলক সহায়তা প্রদান;

(চ) 'রামসার উত্তম ব্যবহার নীতি' অনুসরণে টাংগুয়ার হাওরের প্রতিবেশ ব্যবস্থা অক্ষুণ্ন রাখা নিশ্চিতকরণের জন্য পরামর্শ প্রদান।

**সুজয় চৌধুরী**
সহকারী প্রধান।

---

**[একই নম্বর ও তারিখের প্রতিস্থাপন]**
**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**
**প্রশাসন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ ১৪১৯/২৮ মে ২০১২

**নং ৫২.০০৭.০২৮.০০.০০.৩৫৩.২০০৭-৯০৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-২-২০১১ তারিখের ০৫.১৫৩.০১৫.০৫.০১.০০৬. ২০০৯-২৬ নং স্মারকে; অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগের ৩-১-২০১২ তারিখের অম/অবি/ব্যনি-২/পকবি-৪/২০০৯/০৩ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশের ভিত্তিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী ৭টি বিভাগীয় কার্যালয়ে নিম্নোক্ত পদ বিন্যাসকরণে মঞ্জুরী জ্ঞাপন করা হলো ঃ

| বিভাগীয় কার্যালয় (প্রতি বিভাগে) | | | | |
|---|---|---|---|---|
| ক্রমিক নং | পদের নাম | বেতনস্কেল, ০৯ অনুযায়ী | বিন্যাসকৃত পদের সংখ্যা | পদের শ্রেণী |
| (১) | যুগ্ম-পরিচালক | ২২২৫০-৩১২৫০ | ১ | ১ম শ্রেণী |
| (২) | পরিসংখ্যান অফিসার | ১১০০০-২০৩৭০ | ১ | ১ম শ্রেণী |
| (৩) | প্রধান সহকারী | ৫৫০০-১২০৯৫ | ১ | ৩য় শ্রেণী |
| (৪) | হিসাবরক্ষক | ৫২০০-১১২৩৫ | ১ | ৩য় শ্রেণী |
| (৫) | ডাটা এন্টি/কন্ট্রোল অপারেটর | ৪৭০০-৯৭৪৫ | ৩ | ৩য় শ্রেণী |
| (৬) | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৪৭০০-৯৭৪৫ | ২ | ৩য় শ্রেণী |
| (৭) | গাড়ীচালক | ৪৭০০-৯৭৪৫ | ১ | - |
| (৮) | এমএলএসএস | ৪১০০-৭৭৪০ | ২ | |
| (৯) | নাইটগার্ড | ৪১০০-৭৭৪০ | ১ | |
| | | | ১৩টি | |
| | | | ৭টি বিভাগে মোট ৭×১৩=৯১টি | ১ম শ্রেণী=২টি<br>৩য় শ্রেণী=৮টি<br>৪র্থ শ্রেণী=৩টি |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**মোঃ মতিয়ার রহমান**
উপ-সচিব।

**[একই নম্বর ও তারিখের প্রতিস্থাপন]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ ১৪১৯/২৮ মে ২০১২

**নং ৫২.০০৭.০২৮.০০.০০.৩৫৩.২০০৭-৯০৭**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-২-২০১১ তারিখের ০৫.১৫৩.০১৫.০৫.০১.০০৬. ২০০৯-২৬ নং স্মারকে; অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগের ৩-১-২০১২ তারিখের অম/অবি/ব্যনি-২/পকবি-৪/২০০৯/০৩ নং স্মারকে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশের ভিত্তিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অনুমোদিত সাংগঠনিক কাঠামোভুক্ত ৬৪টি জেলার (বর্তমান ২৩টি আঞ্চলিক অফিসসহ) জেলা কার্যালয়ের পদ নিম্নোক্তভাবে পুনর্বিন্যাসকরণে মঞ্জুরী জ্ঞাপন করা হলো ঃ

| **জেলা কার্যালয় (প্রতি জেলায়)** | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | পদের নাম | বেতনস্কেল, ০৯ অনুযায়ী | বিদ্যমান পদের সংখ্যা | পুনর্বিন্যাসকৃত পদের সংখ্যা | পদের শ্রেণী |
| (১) | উপ-পরিচালক | ১৮৫০০-২৯৭০০ | - | ১ | ১ম শ্রেণী |
| (২) | সহকারী পরিসংখ্যান অফিসার | ৮০০০-১৬৫৪০ | ১ | ১ | ২য় শ্রেণী |
| (৩) | পরিসংখ্যান সহকারী | ৫৫০০-১২০৯৫ | ৪ | ৪ | ৩য় শ্রেণী |
| (৪) | উচ্চমান সহকারী | ৫২০০-১১২৩৫ | ১ | ১ | ৩য় শ্রেণী |
| (৫) | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | ৪৭০০-৯৭৪৫ | - | ২ | ৩য় শ্রেণী |
| (৬) | কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৪৭০০-৯৭৪৫ | ১ | ১ | ৩য় শ্রেণী |
| (৭) | গাড়ীচালক | ৪৭০০-৯৭৪৫ | - | ১ | - |
| (৮) | এমএলএসএস | ৪১০০-৭৭৪০ | ২ | ১ | |
| (৯) | নাইটগার্ড | ৪১০০-৭৭৪০ | ১ | ১ | |
| | | মোট= | ১০ | ১৩ | |
| | | | | ৬৪টি জেলায় মোট ৬৪×১৩=৮৩২টি | ১ম শ্রেণী=১টি<br>২য় শ্রেণী=১টি<br>৩য় শ্রেণী=৯টি<br>৪র্থ শ্রেণী=২টি |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**মোঃ মতিয়ার রহমান**
উপ-সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন শাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১২ আগস্ট ২০১২

**নং ৩০.০১৫.০১৮.০০.০০.০২৪.২০০৩-৯৯৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শেয়ার হোল্ডার ইঞ্জিনিয়ার খুরশিদুল হাসান এর স্থলে শেয়ার হোল্ডারগণ কর্তৃক নির্বাচিত জনাব ইহসানুল হক, ফ্ল্যাট#১/১৪০২, ইস্টার্ন টাওয়ার, ২০ ইস্কাটন রোড, ঢাকা-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল) এর পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

তারিখ, ১১ অক্টোবর ২০১২

**নং ৩০.০১৫.০১৮.০০.০০.০২৪.২০০৩-১০৭২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থাপত্য অধিদপ্তরের প্রধান স্থপতি (অতিরিক্ত দায়িত্ব) জনাব আহসানুল হক খানকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল) এর পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জামাল হোসাইন**
উপ-সচিব (পর্যটন)।

## ভূমি মন্ত্রণালয়
## শাখা নং-২
## বিজ্ঞপ্তি

তারিখ, ২৫ সেপ্টেম্বর ২০১২

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৮৯.২০১০-১৫৭**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭ নং উপ-ধারা মোতাবেক যশোর জোনাল সেটেলমেন্টের জরিপ কর্মসূচীভুক্ত যশোর, ঝিনাইদহ, মাগুরা ও নড়াইল জেলার ৪৮টি মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে,এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | ডিহিকনেজপুর | ১১২ | যশোর সদর | যশোর |
| (২) | মহাতাপনগর | ২১ | মণিরামপুর | যশোর |
| (৩) | মল্লিকপুর | ৪৪ | মণিরামপুর | যশোর |
| (৪) | রামনগর | ১৬৪ | মণিরামপুর | যশোর |
| (৫) | রামপুর | ১৯৩ | মণিরামপুর | যশোর |
| (৬) | লক্ষণপুর | ২০০ | মণিরামপুর | যশোর |
| (৭) | বাজিতপুর | ২২০ | মণিরামপুর | যশোর |
| (৮) | সরসকাটি | ১৫ | কেশবপুর | যশোর |
| (৯) | গোবিন্দপুর | ৩৮ | কেশবপুর | যশোর |
| (১০) | মৃজাপুর | ৩৯ | কেশবপুর | যশোর |
| (১১) | মমিনপুর | ৫৩ | কেশবপুর | যশোর |
| (১২) | রামকৃষ্ণপুর | ৯৪ | কেশবপুর | যশোর |
| (১৩) | মাগুরখালী | ৯৮ | কেশবপুর | যশোর |
| (১৪) | লেপাকাটি | ১০১ | কেশবপুর | যশোর |
| (১৫) | জয়পুর | ৬৯ | বাঘারপাড়া | যশোর |
| (১৬) | নওয়াপাড়া | ১১১ | বাঘারপাড়া | যশোর |
| (১৭) | ভবানীপুর | ৪১ | অভয়নগর | যশোর |
| (১৮) | চাঁদলী | ৪৮ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (১৯) | গড়িয়ালা | ১০৭ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (২০) | রোকনপুর | ৩৮ | কালীগঞ্জ | ঝিনাইদহ |
| (২১) | বাহিরগাছী | ৬৪ | কালীগঞ্জ | ঝিনাইদহ |
| (২২) | কামারাইল | ৮৮ | কালীগঞ্জ | ঝিনাইদহ |
| (২৩) | দৌলতপুর | ১১৯ | কালীগঞ্জ | ঝিনাইদহ |
| (২৪) | মাগুরা | ১৮৬ | কালীগঞ্জ | ঝিনাইদহ |
| (২৫) | ছয়খাদা | ১৭ | কোটচাঁদপুর | ঝিনাইদহ |
| (২৬) | এরেন্দা | ৫৫ | কোটচাঁদপুর | ঝিনাইদহ |
| (২৭) | সাধুখালী | ৫ | শৈলকুপা | ঝিনাইদহ |
| (২৮) | সিদ্ধি | ৩৩ | শৈলকুপা | ঝিনাইদহ |
| (২৯) | কালাপাড়িয়া | ২১ | হরিণাকুন্ডু | ঝিনাইদহ |
| (৩০) | বাদেমালঞ্চী | ৮৯ | মাগুরা | মাগুরা |
| (৩১) | নাগরীপাড়া | ১৭ | মহম্মদপুর | মাগুরা |
| (৩২) | পাঁচ ভাটরা | ১৯ | মহম্মদপুর | মাগুরা |
| (৩৩) | ভাটরা | ২১ | মহম্মদপুর | মাগুরা |
| (৩৪) | বিলখানিদহ | ৩৫ | মহম্মদপুর | মাগুরা |
| (৩৫) | ফলসিয়া | ৩৬ | মহম্মদপুর | মাগুরা |
| (৩৬) | ঝগড়দিয়া | ১০০ | মহম্মদপুর | মাগুরা |
| (৩৭) | মশাখালী | ১০৯ | মহম্মদপুর | মাগুরা |
| (৩৮) | জয়নগর | ৬০ | শ্রীপুর | মাগুরা |
| (৩৯) | পোল্লাডাঙ্গা | ৭৫ | শ্রীপুর | মাগুরা |
| (৪০) | রাধাডাঙ্গা | ৯৩ | সালিখা | মাগুরা |
| (৪১) | রামানন্দকাটী | ৯৭ | সালিখা | মাগুরা |
| (৪২) | আরাজীমিতনা | ০৭ | নড়াইল সদর | নড়াইল |
| (৪৩) | মাইজপাড়া | ১৮ | নড়াইল সদর | নড়াইল |
| (৪৪) | ধোপাখোলা | ৬০ | নড়াইল সদর | নড়াইল |
| (৪৫) | গন্ধবাড়ীয়া | ৬৯ | কালিয়া | নড়াইল |
| (৪৬) | ঘসিবাড়ীয়া | ৭০ | কালিয়া | নড়াইল |
| (৪৭) | রানাগতি | ৮২ | অভয়নগর | যশোর |
| (৪৮) | গোপীনাথপুর | ৮৫ | অভয়নগর | যশোর |

**কানিজ মওলা**
সিনিয়র সহকারী সচিব।

---

## অধিগ্রহণ শাখা-২
## এল, এ কেস নং ২৭/৭৭-৭৮
## ফরম-ঘ
## ঘোষণা
## সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ

তারিখ, ১৯ সেপ্টেম্বর ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.২৭৫.১২-৪৮১**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ৩-৩-১৯৭৮ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো;

### তফসিল

জেলা মৌলভীবাজার, উপজেলা রাজনগর, মৌজা মহলাল, জে,এল নং ৯৯

| খতিয়ান নং | দাগ নম্বর | শ্রেণী | হুকুম দখলকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২৩৯, ৩৮১ | ৫৮৩ (অংশ) | সাইল | ০.০২ |
| ৪৪৮ | ৫৯৪ (পূর্ণ) | সাইল | ০.০৮ |
| ৪৪৮ | ৫৯৮ (অংশ) | সাইল | ০.০২ |
| ৪৯৪ | ৬৮৪ (অংশ) | সাইল | ০.০৬ |
| ৪৯৫ | ৬৮৫ (পূর্ণ) | ভিট | ০.০৪ |
| ৪৯৭ | ৬৮৬/১৭৪৬ (পূর্ণ) | ভিট | ০.০৫ |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ৪৯৭ | ৬৮৬ (অংশ) | ভিটি | ০.০২ |
| ৩৪১ | ৬৮৭ (অংশ) | চারা | ০.০৮ |
| ৩৯১ | ৭৬৫ (অংশ) | চারা | ০.০৬ |
| ৩৮৮ | ৭৬৬ (অংশ) | সাইল | ০.১০ |
| ২৭৪ | ৭৪২ (অংশ) | পুকুর | ০.০১ |
| ৩৫৬ | ৮৪৪ (অংশ) | ডোবা | ০.০১ |
| ৩৫৬ | ৮৪৫ (অংশ) | বাড়ি | ০.০৫ |
| ৩৫৮ | ৮৪৬ (অংশ) | বাড়ি | ০.০১ |
| ৩৫৭ | ৮৪৭ (অংশ) | বাড়ি | ০.০২ |
| ৩৫৭ | ৮৪৮ (অংশ) | সাইল | ০.০৫ |
| ২ | ৮৪৯ (অংশ) | রাস্তা | ০.০২ |
| ৩৫১ | ৮৫০ (অংশ | সাইল | ০.১০ |
| ৩৫৫ | ৮৫১ (অংশ) | সাইল | ০.০৩ |
| ২৭৭ | ৮৫২ (অংশ) | সাইল | ০.০৩ |
| ৩২ | ৮৫৩ (অংশ) | সাইল | ০.০৬ |
| ৩৯ | ১৩৪৯ (অংশ) | সাইল | ০.১১ |
| ৩৯ | ১৩৫০ (অংশ) | সাইল | ০.১৩ |
| ৪৭৯ | ১৩৫১ (অংশ) | সাইল | ০.১২ |
| ৫৩ | ১৩৫৩ (অংশ) | সাইল | ০.১৪ |
| ৬৬৮ | ১৩৫৪ (অংশ) | সাইল | ০.০১ |
| ৪৭৪ | ১৪৪৫ (অংশ) | সাইল | ০.০৮ |
| ৪৭৯ | ১৪৪৮ (অংশ) | সাইল | ০.০৪ |
| ৬৬৫ | ১৪৪৯ (অংশ) | সাইল | ০.১২ |
| ৬৬৫ | ১৪৫০ (অংশ) | সাইল | ০.০৫ |
| ৬৬৫ | ১৪৫১ (অংশ) | সাইল | ০.১২ |
| ৬৬৫ | ১৪৫২ (অংশ) | সাইল | ০.০৬ |
| ৬৬৫ | ১৪৫৩ (অংশ) | সাইল | ০.০৪ |
| ৬৬৫ | ১৪৫৪(অংশ) | সাইল | ০.০৫ |
| ৩৫৪ | ১৪৯৪ (অংশ) | সাইল | ০.০২ |
| ৩৬৩ | ১৪৯৫ (অংশ) | সাইল | ০.০৪ |
| ৩৬৩ | ১৪৯৬ (অংশ) | ডোবা | ০.০১ |
| ৩৬৩ | ১৪৯৭ (অংশ) | বাড়ী | ০.০১ |
| ২ | ১৪৯৮ (অংশ) | রাস্তা | ০.০২ |
| ৩৫৭ | ১৪৯৯ (অংশ) | সাইল | ০.০৮ |
| ৩৪৯ | ১৫০৩ (অংশ) | সাইল | ০.১১ |
| ৩৫৮ | ১৫০৪ (পূর্ণ) | বাড়ী | ০.০৩ |
| ৩৫৭ | ১৫০৫ (পূর্ণ) | চারা | ০.০৪ |
| ৩৬২ | ১৫০৬ (অংশ) | সাইল | ০.০৪ |
| ৩৫৭ | ১৫০৭ (অংশ) | সাইল | ০.১১ |
| ৩৫৯ | ১৫১২ (অংশ) | সাইল | ০.০৮ |
| ৩৫১, ৪২১ | ১৫১৪ (অংশ) | সাইল | ০.১০ |
| | | মোট= | ২.৬৯ একর |

জেলা মৌলভীবাজার, উপজেলা রাজনগর, মৌজা চাটুরা, জে,এল নং ১১৫

| খতিয়ান নং | দাগ নম্বর | শ্রেণী | হুকুম দখলকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪৩২ | ১২ | সাইল | ০.০২ |
| ৬০৪ | ২৮ | সাইল | ০.০১ |
| ৩৯ | ৩০ | সাইল | ০.০৯ |
| ৩৯ | ৩১ | সাইল | ০.০২ |
| ১১৪ | ৩৩ | সাইল | ০.০৫ |
| ১১৮ | ৩৪ | সাইল | ০.১০ |
| ১৬৯ | ৩৬ | সাইল | ০.১০ |
| ৬২২ | ৩৭ | সাইল | ০.০৪ |
| ১৭৩ | ৩৮ | সাইল | ০.০৯ |
| ৭৩৭ | ৪০ | সাইল | ০.০৫ |
| ২০৫, ৬৫৫, ৭৩৭ | ৪১ | সাইল | ০.০৬ |
| ৬০৫ | ৪২ | সাইল | ০.০৯ |
| ৪০৭ | ৪৪ | সাইল | ০.০৭ |
| ৪০৭ | ৪৫ | ডোবা | ০.০১ |
| ৬০৪ | ৪৬ | সাইল | ০.১৮ |
| ১৭৪ | ৪৭ | সাইল | ০.০৮ |
| ২১৫ | ৪৮ | সাইল | ০.০৮ |
| ১৭৭ | ৫২ | সাইল | ০.০৩ |
| ২২৩ | ৫৩ | সাইল | ০.১৫ |
| ২১৫ | ৫৪ | সাইল | ০.০২ |
| | | | মোট=১.৩৪ একর |

সর্বমোট হুকুম দখলকৃত ভূমির পরিমাণ (২.৬৯+১.৩৪) একর =৪.০৩ একর

কথায় চার দশমিক শূন্য তিন একর।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

## শিক্ষা মন্ত্রণালয়
## শাখা-১ (প্রশাসন ও সংস্থাপন)

### অফিস আদেশ

তারিখ, ১০ আশ্বিন ১৪১৯/২৫ সেপ্টেম্বর ২০১২

**নং শিম/প্রশাঃ/৮-৭/২০০৯/১১৫৩**—শিক্ষা মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসমূহের ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের এবং দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭ জানুয়ারী ২০১১ তারিখের ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫ সংখ্যক পরিপত্র অনুযায়ী নিম্নে বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি গঠন করা হলো ঃ

(১) ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি ঃ

(ক) কমিটির গঠন ঃ

**সভাপতি**

(১) সচিব, শিক্ষা মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৩) অর্থ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৪) সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান

**সদস্য-সচিব**

(৫) যুগ্ম-সচিব/সমপর্যায়ের কর্মকর্তা (সংশ্লিষ্ট উইং), শিক্ষা মন্ত্রণালয়

(খ) কমিটির কার্যপরিধিঃ উপরোক্ত কমিটি নিম্নোক্ত বিষয়ে বিবেচনা ও সুপারিশ করবে ঃ

(অ) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণসাপেক্ষে শিক্ষা মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন অধিদপ্তর/পরিদপ্তর/ দপ্তরের ক্যাডারভুক্ত ও ক্যাডার বহির্ভূক্ত ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি /উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

(আ) বাংলাদেশ কর্মকমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ২য় হইতে ১ম বা ৩য় হইতে ১ম শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারি কর্মকমিশনের আওতাভুক্ত। এই জাতীয় নিয়াগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকিবে।

(২) দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি ঃ

(ক) কমিটির গঠন ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), শিক্ষা মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৩) অর্থ মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৪) সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

(৫) উপ-সচিব/সমপর্যায়ের কর্মকর্তা (সংশ্লিষ্ট উইং), শিক্ষা মন্ত্রণালয়

(খ) কমিটির কার্যপরিধিঃ উপরোক্ত কমিটি নিম্নোক্ত বিষয়ে বিবেচনা ও সুপারিশ করবে ঃ

(অ) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণসাপেক্ষে শিক্ষা মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন অধিদপ্তর/পরিদপ্তর/ দপ্তরের দশম, একাদশ, দ্বাদশ ২য় শ্রেণীর কর্মকর্তা হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

(আ) বাংলাদেশ কর্মকমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ৩য় হইতে ২য় শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারি কর্মকমিশনের আওতাভুক্ত। এই জাতীয় নিয়াগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতাবহির্ভূত থাকিবে।

(ই) বাংলাদেশ কর্মকমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ এর ৮নং বিধি মোতাবেক একই শ্রেণীতে পদোন্নতির ক্ষেত্রে কর্মকমিশনের পরামর্শ নিস্প্রয়োজন বিধায় দ্বিতীয় শ্রেণীভুক্ত এক পদ হইতে অপর পদে পদোন্নতির বিষয় আলোচ্য কমিটির আওতাভুক্ত থাকিবে।

২। এই আদেশবলে শিক্ষা মন্ত্রণালয়ের ২০-৩-২০১১ তারিখের শিম/প্রশাঃ/৮-২/২০১১/৪১৭ নং প্রজ্ঞাপন দ্বারা গঠিত কমিটি বাতিল করা হলো।

**রওনক জাহান**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ আশ্বিন ১৪১৯/২৩ সেপ্টেম্বর ২০১২

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৪০/২০১২/৪৫১(২)**—যেহেতু, জনাব মোঃ আশরাফ হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা, প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং সার্বিক বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন হবে বলে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোঃ আশরাফ হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা-কে , সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপ-বিধি মোতাবেক তাঁর ২ (দুই)টি বার্ষিক বর্ধিত বেতন স্থগিত রাখার লঘুদণ্ড প্রদান করা হ'ল। স্থগিতকৃত ইনক্রিমেন্টের বকেয়া তিনি ভবিষ্যতে প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এম, নিয়াজউদ্দিন**
ভারপ্রাপ্ত সচিব।

**শিল্প মন্ত্রণালয়**
**পরিকল্পনা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ আশ্বিন ১৪১৯/০৩ অক্টোবর ২০১২

**নং ৩৬.০৮২.০১.১৮.০৪৬.২০১০/১০৭**—আশুগঞ্জ সার কারখানা সংলগ্ন জমিতে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন, জ্বালানী-সাশ্রয়ী ও আধুনিক মানের ইউরিয়া সার-কারখানা (কাফকো-২) নির্মাণের প্রস্তাব করা হয়েছে। ইতঃমধ্যে আশুগঞ্জ সংলগ্ন এলাকায় গ্যাসভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসহ বিভিন্ন নতুন শিল্প কারখানা স্থাপিত হয়েছে। কাফকো-২ সম্পূর্ণ গ্যাসভিত্তিক কারখানা হবে এবং এতে বিপুল পরিমাণ গ্যাস সরবরাহের প্রয়োজন হবে। নিরবচ্ছিন্নভাবে প্রয়োজনীয় পরিমাণ গ্যাস সরবরাহ নিশ্চিত করা না হলে কারখানার উপযোগিতা প্রশ্নের সম্মুখীন হবে। তাই গ্যাস সরবরাহের বিষয়টি প্রাথমিকভাবে নিশ্চিত হতে হবে।। এ পরিপ্রেক্ষিতে গ্যাস প্রাপ্তির প্রাথমিক সম্ভাব্যতা যাচাই বা তথ্য সংগ্রহের নিমিত্ত নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হ'ল :

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব (স্বস,) শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বিসিআইসি

(৩) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের প্রতিনিধি

(৪) প্রেট্রোবাংলার প্রতিনিধি

**সদস্য-সচিব**

(৫) উপ-সচিব (স্বস-বিসিআইসি), শিল্প মন্ত্রণালয়

২। **কমিটির কার্যপরিধি** ঃ

(ক) সার কারখানাটি নির্মাণের ক্ষেত্রে নিরবচ্ছিন্নভাবে প্রয়োজনীয় পরিমাণ গ্যাস প্রাপ্তির বিষয়ে তথ্য সংগ্রহ বা সম্ভাব্যতা যাচাইপূর্বক সুপারিশ প্রদান;

(খ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। বিসিআইসি কমিটি-কে সার্বিক সহায়তা প্রদান করবে।

**মোঃ আবদুর রব**
সিনিয়র সহকারী প্রধান।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ ভাদ্র ১৪১৯/১৩ সেপ্টেম্বর ২০১২

**নং ৪৪. ০০. ০০০০. ০৫৫. ১০. ০০১. ২০১২-১২২০**—গত ১৫-৮-২০১২ খ্রিঃ তারিখ জাতীয় শোক দিবস উপলক্ষে সুনামগঞ্জ শহরস্থ সরকারি এসসি বালিকা উচ্চ বিদ্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আবুল আলা মোঃ মওদুদ (৪০), পিতা-মৃত হাজী মোঃ আবুল হাসান, সাং কাঠালতলী, থানা বড়লেখা, জেলা-মৌলভীবাজার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কটাক্ষ করে বলেন "১৯৭৫ সনে শেখ মুজিবকে হত্যা করা হয়েছিল,ঐ সময় যদি হত্যা করা না হতো তাহলে তাকে সরানোর জন্য পরে হলেও অর্থ্যাৎ ৮১—৯১ সালেও হয়তোবা জনগণই তাকে হত্যা করত।" একজন সরকারি কর্মকর্তা হিসেবে জাতীয় অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিরুদ্ধে চরম অবমাননাকর, অসত্য, বিদ্বেষপূর্ণ, অবজ্ঞাপ্রদর্শন ও উস্কানীমূলক বক্তব্য প্রদান করেন যা রাষ্ট্রদ্রোহীতার সামিল। মামলার তাহার এহেন কমকাণ্ড দণ্ডবিধি ১২৪-ক ধারায় শাস্তিযোগ্য অপরাধ। বর্ণিতাবস্থায়, উল্লিখিত আসামীর বিরুদ্ধে দণ্ডবিধি'র ১২৪-ক ধারায় মামলা রুজু করার জন্য ফৌজদারি কার্যবিধির ১৯৬ ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদদ্বারা প্রদান করা হ'ল।

